# 2020

# BENGALI

## ( Major )

## Paper : 6.1

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) 'খোলো খোলো দ্বার, রাখিও না আর'—গানটি 'রাজা' নাটকে কোন্ চরিত্র গেয়েছে?

(খ) 'রাজা' নাটকের প্রথম দৃশ্যের শিরোনাম কী?

(গ) "যতক্ষণ অভিমান করে বসেছিলুম ততক্ষণ মনে হয়েছিল সেও আমাকে ছেড়ে গিয়েছে।" বক্তা কে?

(ঘ) "ছেলে তো গেলই, তাই বলে কি ঝগড়া করে রাজাকেও হারাব? এমনি বোকা?" বক্তা কে?

(ঙ) রাজা প্রতাপরায় কার গানের ভক্ত ছিলেন?

(চ) 'অভিসার' কবিতায় 'নগরীর নটী'র নাম কী?

(ছ) 'দেবতার গ্রাস' কবিতায় রাখালের মায়ের নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "ভীরু! ভীরু! অমন মনোমোহন রূপ—তার ভিতরে মানুষ নেই!" কে, কার সম্বন্ধে এই উক্তি করেছেন?

(খ) 'রাজা' নাটকে কতজন রাজা স্বয়ম্বর সভায় উপস্থিত ছিলেন? নাটকের কোন্ অঙ্কে ঠাকুরদা যোদ্ধবেশে এই রাজাদের মুখোমুখি হয়েছিলেন?

(গ) "গেয়েছে _____ শরৎপ্রাতে, গেয়েছে বিজয়ার গান
হৃদয় উছসিয়া অশ্রুজলে ভাসিয়া গিয়াছে _____।"

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঘ) "তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত।" কে, কাকে এ কথা বলেছেন?

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৫×৩=১৫

(ক) "আমি যে দাসী সেইজন্যেই এত সহজ হল।" 'রাজা' নাটকে কে, কোন্ প্রসঙ্গে, কাকে এ কথা বলেছিলেন?

(খ) 'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে'— 'রাজা' নাটকে ব্যবহৃত এই গানটির তাৎপর্য নির্ণয় করো।

(গ) "ঝড়ের মেঘের মতো কালো—কূলশূন্য সমুদ্রের মতো কালো, তারই তুফানের উপরে সন্ধ্যার রক্তিমা।" সুদর্শনা এই বর্ণনায় কার রূপের কথা বলেছেন? প্রসঙ্গটির বিবরণ দাও।

(ঘ) টীকা লেখো : মহর্ষি গৌতম *অথবা* মৈত্রমহাশয়।

(ঙ) 'পূজারিনি' কবিতায় শ্রীমতীকে দেখে বধূ অমিতার প্রতিক্রিয়া কেমন ছিল তার বিবরণ দাও।





৪। (ক) "'রাজা' অধ্যাত্মরসের নাট্য।" সমালোচকের উক্তির সমর্থনে 'রাজা' নাটকের স্বরূপ বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'রাজা' নাটকে সুরঙ্গমা চরিত্রটি বিশ্লেষণ করো।

৫। (ক) 'শ্রেষ্ঠ ভিক্ষা' কবিতাটির নামকরণ কীভাবে সার্থক হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) "যেখানে প্রেম নাই, বোবার সভা, সেখানে গান নাহি জাগে।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশদ করো।

৬। (ক) 'রাজা' নাটকে প্রযুক্ত ঠাকুরদা ও তাঁর নাচের দলের গানগুলোর তাৎপর্য বুঝিয়ে দাও। ১০

*অথবা*

(খ) 'পূজারিনি' কবিতায় ভক্তি ও নিষ্ঠুরতার যে সাদা-কালো ছবি চিত্রিত হয়েছে তার বিবরণ দাও।

★★★